

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভা (জুলাই-সেপ্টেম্বর, ২০২৫), কুড়িগ্রাম জেলা -এর কার্যবিবরণী

প্রধান অতিথি : জনাব সিফাত মেহনাজ, জেলা প্রশাসক, কুড়িগ্রাম
সভাপতি : জনাব নিতাই চন্দ্র দে সরকার, প্রকল্প সমন্বয়ক ও পরিচালক (এমআইএম, চ.দা.), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
তারিখ : ০২-১১-২০২৫ খ্রি.
সময় : বেলা ০১:৩০ – বিকাল ৫:৩০ টা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচিতি পর্ব শেষে তিনি প্রকল্পের কার্যক্রমসমূহের সংক্ষিপ্ত বর্ণনা, অগ্রগতি, অর্জিত মাইলফলক ও ভবিষ্যত পরিকল্পনা সংক্ষেপে তুলে ধরেন এবং প্রকল্পের সার্বিক ও ত্রৈমাসিক অগ্রগতি বিষয়ে মূল উপস্থাপনার জন্য প্রোগ্রাম ম্যানেজারকে আহ্বান জানান।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১।	প্রকল্পের সার্বিক অগ্রগতি	এ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিভূত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকে প্রকল্পের অগ্রগতি ও কুড়িগ্রাম জেলার অগ্রগতি উপস্থাপন করা হয়।	প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে।	টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার
০২।	বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের আওতা বৃদ্ধি	বন্যার আগাম সতর্কবার্তা আরও বিস্তৃতভাবে প্রচারের লক্ষ্যে প্রকল্পের আওতাধীন উপজেলাসমূহের সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মোবাইল নম্বর সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তবে মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে প্রধান শিক্ষকদের নম্বরের তালিকা সহজে উপলভ্য হলেও সহকারী প্রধান শিক্ষকদের মোবাইল নম্বর সংগ্রহের ক্ষেত্রে কিছু চ্যালেঞ্জ রয়েছে বলে সভায় উত্থাপিত হয়। বন্যার আগাম সতর্কবার্তা প্রচারকে আরও অন্তর্ভুক্তিমূলক করতে প্রতিবন্ধী ব্যক্তিদের এই কার্যক্রমে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় প্রস্তাব উত্থাপিত হয়। এজন্য সমাজসেবা অধিদপ্তরের তৈরি সারাদেশের ৩৬ লক্ষ প্রতিবন্ধী ব্যক্তির ডাটাবেজ থেকে প্রকল্প এলাকার জেলাগুলোর তথ্য সংগ্রহ করে ভয়েস মেসেজ পোর্টালের ডাটাবেজে যুক্ত করার বিষয়ে আলোচনা হয়। সভায় স্থানীয় প্রশাসন ও সকল সরকারি দপ্তরে ভয়েস বার্তার পাশাপাশি ই-মেইলের মাধ্যমে	ক) সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণের সহযোগিতায় প্রকল্পের ফিল্ড ফ্যাসিলিটিটরগণ সংশ্লিষ্ট উপজেলায় মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষকদের মোবাইল নম্বর সংগ্রহ করবেন। খ) সমাজসেবা অধিদপ্তর থেকে প্রকল্পের অন্তর্গত জেলাগুলোর প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য সংগ্রহ করে তা পোর্টালের ডাটাবেজে যুক্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। গ) প্রকল্পের আওতায় ইন্টিগ্রেটেড ওয়েব-মোবাইল	প্রোগ্রাম ম্যানেজার, রিজিওনাল কোর্ডিনেটর ও ফিল্ড ফ্যাসিলিটিটর

ক্র.ন	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		<p>বন্যার আগাম সতর্কবার্তা প্রেরণের অনুরোধ জানানো হয়। এ প্রেক্ষিতে প্রকল্প সমন্বয়ক জানান ই-মেইল ছাড়াও আগাম সতর্কবার্তা প্রচারে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহৃত হচ্ছে।</p> <p>সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি জানান, অধিদপ্তরের কাছে মোবাইল নম্বরসহ সারা দেশের কৃষক গ্রুপের ডাটাবেজ রয়েছে। উপজেলা কৃষি কর্মকর্তাদের মাধ্যমে তালিকা সংগ্রহ করে ভয়েস মেসেজ পোর্টালে যুক্ত করার আহ্বান জানানো হয়, যাতে প্রকল্প এলাকায় কৃষকদের কাছে দ্রুত সতর্কবার্তা পৌঁছানো যায়।</p>	<p>অ্যাপ্লিকেশনের মাধ্যমে স্থানীয় প্রশাসন ও অন্যান্য সরকারি দপ্তরে ই-মেইলে বন্যার আগাম সতর্কবার্তা প্রেরণের ব্যবস্থা রাখতে হবে।</p> <p>ঘ) উপজেলা কৃষি কর্মকর্তাদের নিকট থেকে মোবাইল নম্বরসহ কৃষক গ্রুপের তথ্য সংগ্রহের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	
০৩।	দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য হালনাগাদকরণ	<p>বিভিন্ন পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য সংরক্ষণের জন্য প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত ডিএমসি পোর্টালে সকল ডিএমসি'র তথ্য সময়মত হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়।</p>	<p>প্রতি বছর ডিএমসি'র তথ্য হালনাগাদের নিয়ম অনুযায়ী ১৫ জানুয়ারির মধ্যে প্রকল্পের আওতাভুক্ত এলাকার সকল ডিএমসি'র তথ্য পোর্টালে হালনাগাদের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	রিজিওনাল কোর্ডিনেটর ও কমিউনিকেশন অফিসার
০৪।	কিয়স্ক (KIOSK) অ্যাপ্লিকেশন ও ড্যাশবোর্ড	<p>প্রকল্পের আওতায় স্থাপিত কিয়স্ক ড্যাশবোর্ডগুলোতে “প্রভাতী প্রকল্প”-এর নাম ও পরিচিতি আরও দৃশ্যমানভাবে প্রদর্শনের প্রয়োজন রয়েছে, যাতে স্থানীয় জনগণ প্রকল্পের মাধ্যমে প্রদত্ত সেবা সম্পর্কে স্পষ্ট ধারণা পেতে পারে।</p> <p>রাজারহাট উপজেলার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, উপজেলা কমপ্লেক্সের পুরাতন ভবনের নিরাপত্তাজনিত সমস্যা সমাধান করা হয়েছে। তাই উক্ত উপজেলার কিয়স্ক ড্যাশবোর্ডটি পুরাতন ভবনে পুনরায় স্থাপনের প্রস্তাব রাখা হয়।</p> <p>বিভিন্ন প্রকল্পের অধীনে ইতোপূর্বে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও অন্যান্য সরকারি দপ্তরে কিছু সংখ্যক কিয়স্ক ড্যাশবোর্ড ঐ প্রকল্পগুলো শেষ হওয়ার পর অব্যবহৃত বা অচল অবস্থায় রয়েছে। এ প্রকল্পের আওতায় স্থাপিত কিয়স্ক ড্যাশবোর্ডসমূহ প্রকল্প সমাপ্তির পর যাতে সচল থাকে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। এ প্রসঙ্গে প্রকল্প সমন্বয়ক জানান, প্রভাতী প্রকল্পের ক্ষেত্রে কিয়স্ক অ্যাপ্লিকেশনটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ডাটাবেজ থেকে সরাসরি হালনাগাদ তথ্য প্রদর্শন করে এবং এটি স্বয়ংক্রিয়ভাবে চালু হয়, ফলে এতে মানুষের সম্পৃক্ততা (হিউম্যান ইন্টারভেনশন) প্রয়োজন হয় না। তাই প্রকল্প শেষ হওয়ার পর এগুলো সহজেই সচল রাখা সম্ভব হবে। এ সময় অন্যান্য প্রকল্প থেকে স্থাপিত কিয়স্কসমূহে প্রভাতী প্রকল্পের কিয়স্ক অ্যাপ্লিকেশনটি ইন্সটল</p>	<p>ক) প্রকল্পের সকল ড্যাশবোর্ডে প্রভাতী প্রকল্পের নাম, লোগো ও পরিচিতি আরও সুস্পষ্টভাবে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>খ) রাজারহাট উপজেলা কমপ্লেক্সের পুরাতন/নতুন ভবনে কিয়স্ক ড্যাশবোর্ডটি পুনরায় স্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>গ) বিভিন্ন প্রকল্প থেকে পূর্বে স্থাপিত কিয়স্কসমূহে প্রকল্পের কিয়স্ক অ্যাপ্লিকেশনটি ইন্সটল করার সম্ভাব্যতা যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	প্রোগ্রাম ম্যানেজার ও আইসিটি স্পেশালিস্ট

A

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		করার প্রস্তাব করা হয়, যাতে একই তথ্য ওই ক্রিয়াক্ষমতায় প্রদর্শিত হয়।		
০৫।	দুর্যোগের আগাম সতর্কবার্তা সেবার উন্নয়ন	বন্যার পাশাপাশি অতিবৃষ্টি (heavy rainfall) ও নদী ভাঙন অত্র এলাকার অন্যতম দুর্যোগ হিসেবে দেখা দেওয়ায় আগাম সতর্কবার্তা প্রচার সেবায় এই দু'টি দুর্যোগ অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করার আহ্বান জানানো হয়। এছাড়াও উল্লেখ করা হয়, চরাঞ্চলের দ্রুত পরিবর্তনশীল ভূ-প্রকৃতি ও তার সঙ্গে নদীর পানি প্রবাহের গতি ও দিক পরিবর্তন অনেক সময় নদী ভাঙনের কারণ হয়ে দাঁড়ায়। তাই নদীর পানি প্রবাহের গতি ও দিকের পরিবর্তন সম্পর্কে পূর্বাভাস পাওয়া গেলে তা নদী ভাঙনের কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি কমাতে সাহায্য করতে পারে। এপ্রসঙ্গে প্রকল্প সমন্বয়ক জানান, নদী ভাঙনের পূর্বাভাস দেয়ার জন্য অদ্যাবধি কোনো নির্ভরযোগ্য পদ্ধতি পূর্বাভাস প্রদানকারী সংস্থার কাছে নেই, তাই এসম্পর্কে আগাম সতর্কবার্তা প্রদান করা সম্ভব নয়। তবে ভয়েস বার্তা সেবায় ভারী বৃষ্টির জন্য আগাম সতর্কবার্তা দ্রুতই অন্তর্ভুক্ত করা হবে। আবহাওয়া ভিত্তিক কৃষি পরামর্শ, দুর্যোগের আগাম সতর্কবার্তা এবং এসংক্রান্ত অন্যান্য পরামর্শ ও তথ্যসেবা একটি একক প্ল্যাটফর্মে আনার বিষয়ে সভায় প্রস্তাব রাখা হয়। এবিষয়ে প্রকল্প সমন্বয়ক জানান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আবহাওয়া ভিত্তিক কৃষি পরামর্শ সেবা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আইভিআর সেবায় অন্তর্ভুক্ত করার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হলেও এবিষয়ে এখনও তাঁদের কোনো মতামত পাওয়া যায়নি।	ক) ভয়েস বার্তা সেবায় ভারী বৃষ্টির আগাম সতর্কবার্তা অন্তর্ভুক্ত করার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মতামতের ভিত্তিতে কৃষি পরামর্শ ও তথ্য সেবা একক প্ল্যাটফর্মে আনার বিষয়ে পদক্ষেপ নেয়া হবে।	প্রোগ্রাম ম্যানেজার, রিজিওনাল কোঅর্ডিনেটর, জিআইএস স্পেশালিস্ট ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
০৬।	মাঠ-পর্যায়ে প্রকল্পের আউটরিচ বৃদ্ধি	প্রকল্প বিষয়ে মাঠ-পর্যায়ে ধারণা প্রদান ও আউটরিচ বৃদ্ধির জন্য প্রকল্পের কর্মকর্তাদের বিষয়ে বিভিন্ন প্রকাশনা যেমন- প্রকল্প সারসংক্ষেপ, ব্রোশিওর (Brochure) ইত্যাদি জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের নিকট প্রেরণের বিষয়টি সভায় উত্থাপন করা হয়।	পরবর্তীতে অনুষ্ঠিতব্য প্রকল্পের আঞ্চলিক পর্যায়ের বার্ষিক অগ্রগতি পর্যালোচনা কর্মশালায় এ ধরনের প্রকাশনা প্রিন্ট ও বিতরণ করার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার
০৭।	বিবিধ	সমাপনী বক্তব্যে প্রধান অতিথি হিসেবে উপস্থিত কুড়িগ্রাম জেলার জেলা প্রশাসক জনাব সিফাত মেহনাজ বলেন, প্রকল্পের পরেও প্রকল্পের অর্জিত ফলাফল ধরে রাখতে এবং এ সংক্রান্ত জনবল, রক্ষণাবেক্ষণ ইত্যাদি ব্যয় নির্বাহের জন্য স্থানীয় পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের (যেমন- উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা) মাধ্যমে প্রকল্প সমাপ্তির পরও প্রয়োজনীয় তহবিল বা বাজেট সংস্থান রাখার বিষয়টি বিবেচনা করতে হবে। এটি প্রকল্পের ধারাবাহিকতা রক্ষা ও স্থানীয় পর্যায়ে কার্যক্রমগুলো চালিয়ে যেতে সহায়ক হবে। এছাড়াও তিনি প্রকল্পের সম্পদের সর্বোচ্চ ও কার্যকর ব্যবহার নিশ্চিতের প্রতি গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন, এই প্রকল্পের মাধ্যমে প্রদানকৃত আগাম সতর্কবার্তা স্থানীয় জনগণ এবং বিশেষত বিপদাপন্ন মানুষের জানমালের ক্ষয়ক্ষতি হ্রাসে সহায়ক হবে।		

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)

প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)

তারিখ: ১৮-১১-২০২৫ খ্রিঃ

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ১৬৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।
- ৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম।
- ৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম।
- ৭। উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম।
- ৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুড়িগ্রাম।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।
- ১১। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
- ১২। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৩। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৪। জিআইএস স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৫। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৬। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৭। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৮। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৯। ফিল্ড ফ্যাসিলিটিটর, কুড়িগ্রাম, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ২০। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২১। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ ওয়াদুদুর রহমান)

উপ-প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর